# চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

## ওয়াসা ভবন, দামপাড়া, চট্টগ্রাম।

ওয়েবসাইটঃ www.ctg-wasa.org.bd, www.facebook.com/ctgwasa

হেল্পলাইন নম্বর : ১৬১১৮

**পানি সংযোগের আবেদন পত্র**

বরাবর,
নির্বাহী প্রকৌশলী
বিক্রয়/ মড-১/মড-২/মড-৩/মড-৪
চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

তারিখ :

বিষয়ঃ পানি সংযোগের জন্য আবেদন।

মহোদয়,

নিম্নবর্ণিত সঠিক তথ্যাবলী ও অঙ্গীকার এর উপর ভিত্তি করে নিম্নস্বাক্ষরকারী চট্টগ্রাম ওয়াসা হতে একটি নতুন পানি সংযোগ নেওয়ার জন্য আবেদন করছি।

**আবেদনকারীর বিবরণঃ-**

| | | | |
|---|---|---|---|
| আবেদনকারীর নাম | : | আবেদনের তারিখ | : |
| পিতার নাম | : | মোবাইল নং | : |
| মাতার নাম | : | জাতীয় পরিচয়পত্র / | |
| স্বামী/ স্ত্রীর নাম | : | পাসপোর্ট নম্বর | : |
| | | বর্তমান ঠিকানা / | |
| আবেদনকারীর ধরণ | : মালিক ☐ ভাড়াটিয়া ☐ | স্থায়ী ঠিকানা | : |

**স্বত্বাধিকারীর বিবরণ :-**
**(Owner of the land)**

| | | | |
|---|---|---|---|
| স্বত্বাধিকারীর নাম | : | স্বত্বাধিকারীর জাতীয়পরিচয়পত্র / | |
| স্বত্বাধিকারীর মোবাইল নং | : | পাসপোর্ট নম্বর | : |
| | | স্বত্বাধিকারীর বর্তমান / স্থায়ী ঠিকানা | : |

**সংযোগের ঠিকানাঃ-**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ওয়ার্ড নং | : | হোল্ডিং নং | : | প্লট | : |
| সড়কের নাম | : | জে,এল,নং | : | সিট নং | : |
| এলাকার নাম | : | আর,এস খতিয়ান নং | : | আর,এস দাগ নং | : |
| মৌজার নাম | : | বি, এস খতিয়ান নং | : | বি, এস দাগ নং | : |
| থানা | : | জেলা | : | | |

**সংযোগের তথ্য :-**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| সংযোগের উদ্দেশ্য | : | ধরণ : আবাসিক ☐ অনাবাসিক ☐ | | শ্রেণী: সরকারী ☐ বেসরকারী ☐ | |
| বর্ধিতকরণ ধরণ | : | সংযোগের আকার | : | | |
| সংযোগের মেয়াদ | : | পানির চাহিদা | : | ফ্ল্যাট সংখ্যা | : |
| পানির উৎস | : | পূর্ববর্তী পানির সংযোগ হিসাব নম্বর (যদি থাকে) | : | | |
| গভীর নলকূপের লাইসেন্স নম্বর (যদি থাকে) | : | মন্তব্য | : | | |

গ্রহণকারীর স্বাক্ষর

আবেদনকারীর স্বাক্ষর

**আবেদনপত্র পূরণ করে জমা দেওয়ার নিয়মাবলী :-**

১) আবেদনকারীকে সংযোগের আবেদনপত্র যথাযথভাবে পূরণ করতঃ নিম্নবর্ণিত কাগজপত্রসহ চট্টগ্রাম ওয়াসার বিক্রয় বিভাগের নির্বাহী প্রকৌশলী এর নিকট স্বহস্তে অথবা মনোনীত প্রার্থী মারফত জমা দিতে হবে।
২) আবেদনপত্র খরিদেও ব্যাংকের পাকা রশিদ।
৩) প্রস্তাবিত সংযোগস্থলের জায়গায় দলিলের সত্যয়িত ফটোকপি - ২ সেট।
৪) প্রস্তাবিত সংযোগস্থলের জায়গার বি,এস,খতিয়ানের সত্যয়িত ফটোকপি - ২ সেট।
৫) প্রস্তাবিত সংযোগস্থলের জায়গার বি,এস, শিটের সংশ্লিষ্ট অংশের (১২" x ১০") সত্যয়িত ফটোকপি - ৩ সেট।
৬) প্রস্তাবিত সংযোগস্থলের বিল্ডিং এর সি,ডি,এ, কতৃক অনুমোদিত প্ল্যান/অনুমোতিপত্র এর সত্যয়িত ফটোকপি - ২ সেট।
৭) প্রস্তাবিত সংযোগস্থলের বিল্ডিং এর সি,ডি,এ, অনুমোদিত নকশা না থাকিলে তাহার কারণ প্রদর্শন পূর্বক আবেদনকারীর আলাদা চিঠি।
৮) আবেদনকারীর পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি - ২ সেট।
৯) আবেদনকারী যদি ভাড়াটিয়া হন, তাহা হইলে আবেদনপত্রের সহিত ৩০০/- টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পের মাধ্যমে মূল মালিকের সম্মতি পত্র উকিল কতৃক সহি পূর্বক নোটারী পাবলিক থেকে এফিডেবিট করিয়া দাখিল করতে হবে।
১০) আবেদনকারীর ভোটার আইডি কার্ড/জন্মনিবন্ধন সনদ/ পাসপোর্ট এর সত্যয়িত ফটোকপি - ২ সেট।
১১) আবেদনকারী যদি ওয়ারিশ সূত্রে জায়গার মালিক হন সে ক্ষেত্রে অন্যান্য ওয়ারিশদের নিকট হইতে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি সহ ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সংযোগ প্রদানে আপত্তি নাই মর্মে অঙ্গীকার নামা প্রদান করতে হবে (নোটারী পাবলিক থেকে এফিডেবিট করিয়া দাখিল করতে হবে)।
১২) আবেদনকারীর সংযোগস্থলে বা অন্য কোথাও বকেয়ার দায়ে বিচ্ছিন্নকৃত সংযোগ নাই মর্মে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকার নামা প্রদান করতে হবে।
১৩) আবেদনপত্রের সাথে আবশ্যিকভাবে ভবনের ছবি প্রদান করতে হবে।

**শর্ত ও নিয়মাবলী :-**

১) বাণিজ্যিক সংযোগ বকেয়া রাখলে,বকেয়া পরিশোধ না করা,বকেয়া পরিশোধের জন্য কিস্তি দেওয়া হলে ঐ কিস্তি ও সময়মত পরিশোধ না করে,পরবর্তীতে পুলিশের সাহায্যে সংযোগ বিচ্ছিন্ন করতে হলে এবং গ্রাহক পুনঃ সংযোগ চাইলে পুনঃ সংযোগ ফি হিসাবে ১(এক) লক্ষ টাকা অতিরিক্ত পরিশোধ করতে হতে পারে,যদি সংযোগের ব্যাস ১" বা তার চেয়ে বেশী হয়।
২) চট্টগ্রাম ওয়াসার সরবরাহ ব্যবস্থা সংযোগ লাইনের সাথে সরাসরি পাম্পের সাহায্যে পানি পাম্প করা আইনত দন্ডনীয়। এই ধরনের অবৈধ কর্মে লিপ্ত গ্রাহকের বিরুদ্ধে জরিমানা,মটর জব্দ সহ সংযোগ বিচ্ছিন্ন করা হবে।
৩) ওয়াশিং প্ল্যান্ট,বেভারেজ প্ল্যান্ট,মৎস্য প্রক্রিয়াকরন প্ল্যান্ট,ভেজিটেবল ও ওয়েল ইন্ডাষ্ট্রি এবং মিনারেল ওয়াটার বটলিং প্ল্যান্টে ব্যবহারের জন্য সংযোগ প্রদানের ক্ষেত্রে ৩/৪" ব্যাস সংযোগের জন্য ২ (দুই) লক্ষ টাকা,১" ব্যাস সংযোগের জন্য ২.৫ (আড়াই) লক্ষ টাকা এবং ২" ব্যাসের সংযোগের জন্য ৪(চার) লক্ষ টাকা অতিরিক্ত জামানত ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম ওয়াসার অনুকূলে জমা দিতে হবে।
৪) সংযোগ ফি ,নির্ধারিত উন্নয়ন চার্জ ইত্যাদি ডিমান্ডনোট উল্লেখিত মতে ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম ওয়াসার অনুকূলে জনতা ব্যাংক ওয়াসা শাখায় জমা দিতে হবে।
৫) চট্টগ্রাম ওয়াসার কোন সময় মিটার মজুদ না থাকলে সেই ক্ষেত্রে গ্রাহককে মিটার বিহীন সংযোগ দেওয়া যেতে পারে। চট্টগ্রাম ওয়াসার মজুদে মিটার আসার পর পর সংযোগে মিটার স্থাপন করে দেওয়া হবে। মিটার বিহীন কালীন সময়ের জন্য নির্ধারিত হারে পানি ব্যবহারের জন্য বিল করা হবে।এই হার গ্রাহক সংযোগ নেওয়ার সময় বিক্রয় বিভাগ হতে জেনে নিতে পারবেন।
৬) গৃহাস্থলী কাজে এবং অবাণিজ্যিক বা লাভজনক কর্মকান্ডে ব্যবহার্য পানিকে আবাসিক বিবেচনা করা হবে এবং অন্যান্য সকল কর্মকান্ডের জন্য ব্যবহার্য পানিকে অনাবাসিক বলে বিবেচনা করা হবে।
৭) অনাবাসিক সংযোগের জন্য নিম্নবর্ণিত হারে জামানত দিতে হবে। তবে আবেদনপত্রের ৪ নং শর্তাধীন অনাবাসিক সংযোগ সমূহের ক্ষেত্রে নিরাপত্তা জামানত এর হার অপরিবর্তিত থাকবে।
ক) ৩/৪" ব্যাসের সংযোগ ৪০,০০০/- (চল্লিশ হাজার ) টাকা।
খ) ১" ব্যাসের সংযোগ ৮০,০০০/- (চল্লিশ হাজার ) টাকা।
গ) ২" ব্যাসের সংযোগ ২,০০,০০০/- (দুই লক্ষ ) টাকা।
ঘ) ৪" ব্যাসের সংযোগ ৮,০০,০০০/- (আট লক্ষ ) টাকা।
ঙ) ৬" ব্যাসের সংযোগ ১০,০০,০০০/- (দশ লক্ষ ) টাকা।
৮) সংযোগস্থলের মালিকানা পরিবর্তন হলে সংযোগটি ওয়াসা কর্তৃপক্ষের নিকট হস্তান্তর কিংবা সংযোগের নাম পরিবর্তন করা বাধ্যতামূলক।
৯) আবেদনকারী ভাড়াটিয়া হলে জামানতের পরিমাণ দ্বিগুন হবে।